অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/19/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL নিউ ইয়র্কবাসীদের চরম ঠাণ্ডা ও শীতকালীন আবহাওয়া সম্পর্কে আপডেট দিলেন যা আজকে থেকে শুরু করে আগামী সপ্তাহ পর্যন্ত স্টেটকে প্রভাবিত করবে বলে আশঙ্কা করা যাচ্ছে

নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড ও ওয়েস্টচেস্টারে ছয় ইঞ্চি পর্যন্ত তুষার; মিড-হাডসন এবং ক্যাপিটাল রিজিয়নে আট ইঞ্চি পর্যন্ত তুষার

ক্যাপিটাল ডিস্ট্রিক্ট এবং মিড-হাডসন অঞ্চলের কিছু অংশে সোমবার সকাল পর্যন্ত উইন্টার স্টর্ম ওয়ার্নিং থাকবে

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং লেক ইরি ও অন্টারিওর কাছে নর্থ কান্ট্রি রিজিয়নের কিছু অংশে সোমবার থেকে বুধবার পর্যন্ত লেক ইফেক্ট স্নো ওয়ার্নিং জারি করা হয়েছে

সোমবার, মঙ্গলবার এবং বুধবার সন্ধ্যায় স্টেটের বেশিরভাগ অংশে মাইনাস 25 ডিগ্রি ফারেনহাইট পর্যন্ত কম ফিলস-লাইক তাপমাত্রা থাকতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে নিউ ইয়র্কবাসীদের সতর্ক হওয়ার তাগিদ দিয়েছেন কারণ এই সপ্তাহে পুরো স্টেটে লেক ইফেক্ট তুষার, শীতকালীন ঝড় এবং চরম ঠাণ্ডার মিশ্রণের আশঙ্কা আছে। আজকে বিকালে এবং আজকে রাত পর্যন্ত নিউ ইয়র্ক সিটি (New York City), লং আইল্যান্ড (Long Island), এবং ওয়েস্টচেস্টার (Westchester) কাউন্টিতে ব্যাপক বিস্তৃত তুষারের আশঙ্কা আছে এবং সবথেকে দীর্ঘস্থায়ী ব্যান্ডগুলিতে ছয় ইঞ্চি পর্যন্ত সম্ভব মিড-হাডসন এবং ক্যাপিটাল রিজিয়নে আজকে থেকে সোমবার সকাল পর্যন্ত 8 ইঞ্চি পর্যন্ত তুষারের আশঙ্কা আছে। ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (Western New York), ফিঙ্গার লেকস (Finger Lakes), সেন্ট্রাল নিউ ইয়র্ক (Central New York) এবং লেক ইরি (Erie) ও অন্টারিওর (Ontario) কাছে নর্থ কান্ট্রি রিজিয়নের এলাকাগুলিতে আজকে রাতের শেষের দিকে শুরু হওয়া এবং বুধবার পর্যন্ত চলা, সবথেকে শক্তিশালী ব্যান্ডগুলিতে তিন ফুট পর্যন্ত তুষার নিয়ে আসতে পারে এমন লেক ইফেক্ট তুষারের সম্ভাবনা আছে। পাশাপাশি, সোমবার থেকে শুরু করে নিউ ইয়র্ক স্টেটের (New York State) বেশির ভাগ অংশে কনকনে ঠাণ্ডা তাপমাত্রা থাকবে এবং মাইনাস 25 ডিগ্রি ফারেনহাইট পর্যন্ত কম ফিলস-লাইক তাপমাত্রা থাকতে পারে। নিউ ইয়র্কবাসীদের স্থানীয় আবহাওয়ার অবস্থা মনিটর করা এবং শীতকালীন আবহাওয়া এবং জমে যাওয়ার মতো ঠাণ্ডা তাপমাত্রার জন্য প্রস্তুত হওয়ার ব্যবস্থা নেওয়া উচিত।

"যেহেতু শীতকালীন ঝড়, চরম ঠাণ্ডা তাপমাত্রা এবং লেক ইফেক্ট তুষার আজকে থেকে শুরু করে আগামী কয়েকদিন পর্যন্ত আমাদের স্টেটে থাকবে, তাই আমরা যখন এই আবহাওয়ার সিস্টেমের সাড়াদান করতে প্রস্তুতি নিচ্ছি তখন আমাদের স্টেট এজেন্সিগুলোকে তাদের রিসোর্স সচল করার নির্দেশ আমি দিয়েছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "বাইরের পরিবেশের সংস্পর্শে আসা বা নিজেদের বাসা যথাযথভাবে গরম করতে না পারা যেকোনো মানুষের জন্য এই পরিস্থিতি অনেক বেশি ঝুঁকির কারণ হতে পারে, এবং নিজেদের ও নিজেদের পরিবারকে নিরাপদ রাখার জন্য সতর্ক হতে আমি নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করছি।"

আবহাওয়ার সতর্কতার একটি সম্পূর্ণ তালিকা দেখার জন্য alerts.weather.gov এ জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) ওয়েবসাইটি ভিজিট করুন। নিউ ইয়র্কবাসীদের alert.ny.gov থেকে NY Alert-এ সাবস্ক্রাইব করে জরুরি সতর্কতা পাওয়ার জন্য সাইন-আপ করতে উৎসাহিত করা হচ্ছে, এটি আপনার সেলফোনে বা কম্পিউটারে অতি গুরুত্বপূর্ণ জরুরি তথ্য দেওয়ার একটি ফ্রি সার্ভিস।

এজেন্সির প্রস্তুতি

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)

ডিভিশনের অফিস অফ ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management) তাদের স্থানীয় কাউন্টারপার্টগুলির সাথে যোগাযোগ রাখছে এবং সহায়তার অনুরোধের ব্যবস্থা করার জন্য প্রস্তুত আছে। স্টেট মজুদ কর্মীরা আছে এবং প্রয়োজন অনুযায়ী জরুরি সাড়াদান সম্পদ এবং সাপ্লাই মোতায়েন করতে প্রস্তুত। স্টেটের ওয়াচ সেন্টারটি (Watch Center) ঝড় এবং পুরো স্টেটে এর প্রভাব ভালোভাবে মনিটর করছে। শীতকালীন প্রস্তুতির পরামর্শের জন্য dhses.ny.gov ভিজিট করুন।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (New York State Department of Transportation)

স্টেটের পরিবহন বিভাগ আবহাওয়ার অবস্থা নজরে রাখছে এবং 3,671 জন সুপারভাইজার ও অপারেটর নিয়ে স্টেট জুড়ে সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছে। সকল মাঠ পর্যায়ের কর্মীরা সম্পূর্ণভাবে নিযুক্ত হতে ও সাড়া দিতে তৈরি আছে। প্রয়োজনমতো যেকোনো ধরনের রেস্পন্স ক্রু হিসেবে কর্মীদেরকে সাজানো যাবে, যেমন প্লাউ, ড্রেনেজ, চিপার, লোড করা ও টানা, কাটা ও ছুড়ে ফেলা, ইত্যাদি।

হাডসন ভ্যালির (Hudson Valley) অপারেশনে সাহায্য করার জন্য 20 জন স্নো প্লাউ অপারেটর, ছয়জন সরঞ্জাম অপারেটর ইন্সট্রাক্টর, এবং চারজন সুপারভাইজারসহ 30 জন স্টাফ সদস্যকে পুরো স্টেটের অন্যান্য এলাকা থেকে অঞ্চলে মোতায়েন করা হয়েছে।

স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 1,641টি লার্জ প্লাউ ট্রাক

- 351টি লার্জ লোডার
- 159টি মিডিয়াম ডিউটি প্লাউ
- 52টি টো প্লাউ
- 34টি স্নো ব্লোয়ার
- 20টি গ্রেডার

বাস্তব সময়ের সফরের তথ্য পাওয়ার জন্য মোটরচালকদের 511 নম্বরে কল করতে হবে বা নিউ ইয়র্ক স্টেটের ট্র্যাফিক ও যাত্রা তথ্যের সরকারি উৎস https://www.511ny.org/#:Alerts দেখতে হবে।

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority, MTA)
মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটি নিরাপদ, নির্ভরযোগ্য সেবা নিশ্চিত করতে নিবিড়ভাবে আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ করছে। আমাদের উইকেন্ড বা ছুটির দিনের নির্ধারিত সার্ভিসে কোনো পরিবর্তন করা হবে না। MTA কর্মীরা আবহাওয়া সম্পর্কিত যেকোনো সমস্যার প্রতিক্রিয়া জানাতে প্রস্তুত থাকবে। সম্ভাব্য বিঘ্ন কমাতে, পুরো নেটওয়ার্কের ট্র্যাক এবং সুইচ পরীক্ষা করতে বাড়তি MTA ক্রুকে মোতায়েন করা হবে।

নিউ ইয়র্ক সিটি ট্রানজিটের (New York City Transit, NYCT) Buses পুরো সিটিতে তুষারের মোকাবেলা করার মতো যানবাহন দিবে, এবং ব্রঙ্কস (Bronx) ও ম্যানহাটনের (Manhattan)সকল রুট রবিবারের সার্ভিসের জন্য চেইনড করা হবে। রবিবার সকল আর্টিকুলেটেড বাসকে সার্ভিস থেকে সরিয়ে ফেলা হবে। দ্রুত সাড়াদান করার জন্য ব্রিজ ও টানেলে বাড়তি ক্রু ও সরঞ্জাম প্রস্তুত থাকবে। কাস্টোমারদেরকে সার্ভিস সম্পর্কে সবশেষ আপডেট জানতে new.mta.info দেখার জন্য এবং সিস্টেমে চলাচল করার সময়ে সতর্কতা অবলম্বনের জন্য উৎসাহিত করা হচ্ছে। কাস্টোমাররা টেক্সট বা ইমেইলের মাধ্যম রিয়েল টাইম সার্ভিস অ্যালার্টের জন্য সাইন আপ করতে পারবে। এই অ্যালার্টসমূহ MTA অ্যাপ এবং TrainTime অ্যাপের মাধ্যমেও পাওয়া যায়।

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)
থ্রুওয়ে অথোরিটির কর্মীরা পূর্বাভাস মনিটর করছে এবং 688 জন অপারেটর ও সুপারভাইজার নিয়ে সাড়াদান করার জন্য প্রস্তুত রয়েছে। স্টেটব্যাপী সরঞ্জামের সংখ্যা ও সংস্থানসমূহের তালিকা নিচে দেওয়া হলো:

- 354টি লার্জ ও মিডিয়াম ডিউটি প্লাউ ট্রাক
- 10টিটো প্লাউ
- 65টি লোডার
- 113,000+ টন লবণ হাতে রয়েছে

থ্রুওয়েতে শীতকালীন আবহাওয়ার পরিস্থিতি সম্পর্কে মোটরচালকদেরকে সতর্ক করতে ভ্যারিয়েবল মেসেজ সাইন (Variable Message Signs) ও সোশ্যাল মিডিয়া (X, যার নাম আগে Twitter ছিলো এবং Facebook) ব্যবহার করা হচ্ছে।

এই তুষারপাত আর তুষারের মৌসুমের জন্য নতুন হল, থ্রুওয়ের 250টি হেভি ডিউটি প্লাউ ট্রাকের প্রতিটিতে সবুজ হ্যাজার্ড লাইট লাগানো হয়েছে যা স্ট্যান্ডার্ড অ্যাম্বার হ্যাজার্ড লাইটের সাথে একত্রে কাজ করবে। গ্রিন লাইটের উদ্দেশ্য হলো শীতকালীন অপারেশনের সময় ভিজিবিলিটি বাড়ানো এবং নিরাপত্তা বাড়ানো, বিশেষ করে কম আলোর অবস্থা এবং খারাপ আবহাওয়াতে। গাড়ি চালকদের মনে করিয়ে দেওয়া হচ্ছে যে থ্রুওয়ে স্নোপ্লাউ প্রায় ঘন্টায় 35 মাইল গতিতে চলে, যা অনেক জায়গার লিখে রাখা স্পিড লিমিটের থেকে কম হয়, যাতে নিশ্চিত করা যায় যে ছড়িয়ে দেওয়া লবণ ড্রাইভিং লেনেই থাকে এবং রাস্তার বাইরে ছড়িয়ে না পড়ে। গাড়ি চালকদের জন্য সবথেকে নিরাপদ জায়গা হলো স্নোপ্লাউয়ের পেছনে বেশ দূরে থাকা যেখানে রাস্তা পরিষ্কার করা হয়েছে ও লবণ ছড়ানো হয়েছে।

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা iPhone ও Android ডিভাইসের জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক সম্পর্কে তথ্য, লাইভ ট্রাফিক ক্যামেরা, ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও থ্রুওয়ের সর্বশেষ ট্র্যাফিক পরিস্থিতি জানার জন্য মোটরচালকেরা TRANSalert) ইমেইলের জন্য সাইন আপ করতে পারবে এবং X-এ @ThruwayTraffic-কে ফলো করতে পারবে।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস (New York State Department of Public Service)

নিউ ইয়র্ক স্টেট (New York State) ব্যাপী ক্ষয়ক্ষতি মূল্যায়ন, পরিস্থিতি মোকাবেলা ও পুনরুদ্ধার প্রচেষ্টার উদ্দেশ্যে নিয়োজিত করার জন্য নিউ ইয়র্কের ইউটিলিটিগুলিতে বর্তমানে প্রায় 5,500 জন মতো কর্মী রয়েছে। এজেন্সির কর্মীরা পুরো সময় ইউটিলিটিগুলির কার্যক্রমের উপর নজর রাখবে এবং সবথেকে বেশি প্রভাবিত হতে পারে বলে ধারণা করা এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর পর্যাপ্ত কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ

স্টেট পুলিশ সব টুপারকে সতর্ক থাকার নির্দেশ দিয়েছে এবং প্রয়োজন অনুযায়ী ক্ষতিগ্রস্থ এলাকায় অতিরিক্ত পেট্রোল মোতায়েন করবে। সকল চার চাকার গাড়ি চলাচল করছে এবং বিশেষায়িত গাড়ি যেমন- ইউটিলিটি টেরেন ভেহিকল ও স্নোমোবাইল সবই চলাচলের জন্য প্রস্তুত অবস্থায় রয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন (New York State Department of Environmental Conservation, DEC)

DEC-এর ইমার্জেন্সি ম্যানেজমেন্ট স্টাফ, এনভায়রনমেন্টাল কনজার্ভেশন পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার এবং আঞ্চলিক স্টাফ সতর্ক আছে এবং তৈরি হওয়া পরিস্থিতি এবং আবহাওয়ার পূর্বাভাসের উপর নজর রাখছে। তুষারের কারণে যেসব প্রভাবের সম্ভাবনা আছে তার প্রস্তুতিতে টার্গেট করা এলাকাগুলিতে ব্যবহারের জন্য হাতে থাকা সকল সম্পদের রিসোর্স, যার মধ্যে ফার্স্ট রেস্পন্ডার আছে, তা মোতায়েন করাকে কোঅর্ডিনেট করতে পার্টনার এজেন্সিগুলির সাথে কাজ করে DEC প্রস্তুত আছে।

DEC তুষার অপসারণ ও পরিত্যাগের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের মনে করিয়ে দিচ্ছে যে তারা বন্যা প্রতিরোধ করতে এবং পানির মানকে লবণ, বালি, তেল, আবর্জনা এবং অন্যান্য অবশিষ্টাংশের মতো দূষণকারী পদার্থ দ্বারা প্রভাবিত হওয়ার সম্ভাবনা হ্রাস করতে সাহায্য করার জন্য সর্বোত্তম ব্যবস্থাপনার অনুশীলনগুলি যাতে মেনে চলেন। স্থানীয় খাঁড়ি ও খালগুলোতে বরফ ফেলার কারণে বরফের বাঁধ তৈরি হতে পারে, যার ফলে বন্যা দেখা দিতে পারে। সরকারি ও বেসরকারি তুষার অপসারণ অপারেটরদেরকে শীতকালীন ঝড় চলাকালীন ও পরবর্তী এইসব নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অবগত থাকতে হবে। DEC-এর ডিভিশন অফ ওয়াটার টেকনিক্যাল এবং অপারেশনাল গাইডেন্স সিরিজ: স্নো ডিস্পোজালে (Division of Water Technical and Operational Guidance Series: Snow Disposal)-এ অতিরিক্ত তথ্য পাওয়া যাবে।

অ্যাডিরনড্যাকস, ক্যাটস্কিলস ও অন্যান্য ব্যাককান্ট্রি এলাকায় অপ্রত্যাশিত শীতের আবহাওয়া ও ঝড় অপ্রত্যাশিতভাবে বিপজ্জনক পরিস্থিতি তৈরি করতে পারে। বেড়াতে যাওয়া মানুষের উচিত তুষার, বরফ এবং ঠাণ্ডার জন্য যথাযথ পোশাক ও সরঞ্জাম নিয়ে তৈরি থাকা উচিত, যাতে শীতের অভিজ্ঞতা নিরাপদ হয় বলে নিশ্চিত করা যায়। অ্যাডিরন্ড্যাকে তুষারের গভীরতার মধ্যে অনেক পার্থক্য থাকতে পারে, হাই পিকস (High Peaks) অঞ্চলের উঁচু জায়গায় এবং 3,000 ফুটের বেশি অন্যান্য পাহাড়ে সবথেকে গভীর তুষার পড়বে। কম উচ্চতার ট্রেইগুলিতে তুষার, বরফ, স্লাশ ও কাদার মিশ্র পরিস্থিতি আছে যার মধ্যে ক্যাটস্কিল মাউন্টেন্সের (Catskill Mountains) অনেকগুলি ট্রেইল আছে যেখানে বরফযুক্ত পরিস্থিতি হওয়ার সম্ভাবনা আছে।

কোনো কোনো জলপথে বরফ জমা শুরু হয়েছে, তাই বেড়াতে যাওয়ার আগে বরফের নিরাপত্তা গাইডলাইন দেখে যাওয়ার জন্য DEC প্রকৃতিপ্রেমীদের পরামর্শ দিচ্ছে।

হাইকারদের সাময়িকভাবে উচ্চ-উচ্চতার ট্রেইলের পাশাপাশি নদী এবং স্রোত পারাপারের ট্রেইলগুলি এড়ানোর পরামর্শ দেওয়া হচ্ছে। ট্রেইলের পরিস্থিতি, মৌসুমী রাস্তা বন্ধ হওয়া, এবং সাধারণ বিনোদনের তথ্য সম্পর্কে সর্বশেষ খবরের জন্য অ্যাডিরন্ড্যাকসের হাইকারদেরকে অ্যাডিরন্ড্যাক ব্যাককান্ট্রি ইনফর্মেশন (Adirondack Backcountry Information) ওয়েবপেজগুলি চেক করার জন্য উৎসাহিত করা হচ্ছে।

যারা ব্যাককান্ট্রিতে বেড়াতে যাবেন তাদের স্মার্টভাবে হাইক করা (Hike Smart) উচিত এবং যথাযথ নিরাপত্তা গাইডলাইন মেনে চলা উচিত। ভেবেচিন্তে ভ্রমণের পরিকল্পনা করুন। জরুরি প্রয়োজনে, 9-1-1 নম্বরে ফোন করুন। ফরেস্ট রেঞ্জার সহায়তা অনুরোধ করার জন্য, 1-833-NYS-RANGERS নম্বরে ফোন করুন।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণের দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)

নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। প্রতিক্রিয়া সরঞ্জাম প্রসার করা হচ্ছে, পরীক্ষিত এবং ঝড় প্রতিক্রিয়া ব্যবহারের জন্য প্রস্তুত করা হচ্ছে। পার্কের বেড়াতে যাওয়া মানুষদের উচিত parks.ny.gov ভিজিট করা, বিনামূল্যের NY স্টেট পার্কস এক্সপ্লোরার (NY State Parks Explorer) মোবাইল অ্যাপ চেক করা, অথবা পার্ক কতক্ষণ খোলা থাকে, খোলা ও বন্ধের সময় সম্পর্কে সর্বশেষ আপডেট জানতে তাদের স্থানীয় পার্কের অফিসে ফোন করা।

বন্দর কর্তৃপক্ষ (Port Authority)
বন্দর কর্তৃপক্ষ তার সকল স্থাপনা জুড়ে আবহাওয়া পরিস্থিতি পর্যবেক্ষণ করে। তীব্র আবহাওয়ার ঘটনায় এজেন্সি যাত্রা সতর্কতা জারি করে এবং ফেসিলিটি ইমেল সতর্কতা বা সোশ্যাল মিডিয়ার মাধ্যমে প্রয়োজনমতো সর্বশেষ তথ্য প্রদান করে। বন্দর কর্তৃপক্ষের ফ্যাসিলিটি সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, অনুগ্রহ করে সোশ্যাল মিডিয়া দেখুন, PA অ্যালার্ট এর জন্য সাইন আপ করুন অথবা PA মোবাইল অ্যাপগুলির মধ্যে কোনোটি ডাউনলোড করুন, যেমন PATH সেবা সম্পর্কে বাস্তব সময়ের সর্বশেষ তথ্য ও অ্যালার্ট প্রদানকারী অ্যাপ RidePATH।

নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

চলাচল:

নিরাপদে গাড়ি চালানোর জন্য কিছু গুরুত্বপূর্ণ পরামর্শের মধ্যে রয়েছে:

- আপনার স্থানীয় এলাকা এবং আপনি যে এলাকায় যেতে পারেন সেখানকার পূর্বাভাস মনিটর করুন।
- প্রয়োজন ছাড়া কোথাও যাবেন না।
- যদি আপনাকে ভ্রমণ করতেই হয়, আপনার গাড়িতে জীবন-রক্ষাকারী সরঞ্জাম যেমন কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও বাড়তি ব্যাটারি, বাড়তি গরম পোশাক, টায়ার চেইনের সেট, ব্যাটারির বুস্টার ক্যাবল, দ্রুত শক্তিদায়ক খাবার এবং বিপদ সংকেত দেয়ার জন্য ব্যবহারের উদ্দেশ্যে উজ্জ্বল রঙের কাপড়ের টুকরা রয়েছে তা নিশ্চিত করুন।
- যদি আপনার ব্যবহারের জন্য অন্যান্য যোগাযোগের ডিভাইস যেমন সেল ফোন অথবা টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারিতে চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণের সময় সেটি আপনার সঙ্গে রাখুন। যদি আপনি হারিয়ে যান, সাহায্যের জন্য কল করে উদ্ধারকারীদেরকে আপনার লোকেশন জানাতে পারবেন।
- শীতকালীন সময়ে মৃত্যু ও আঘাতপ্রাপ্তির শীর্ষ কারণ হলো পরিবহনজনিত দুর্ঘটনা। গাড়িতে চলাচল করার আগে আপনার যানবাহন বরফ ও তুষার থেকে মুক্ত আছে তা নিশ্চিত করে নিন; ভালোভাবে দৃষ্টিগোচর হওয়াটা ভালোভাবে গাড়ি চালানোর মূল চাবিকাঠি। আপনার থামার স্থানগুলো সম্পর্কে পরিকল্পনা করে রাখুন এবং গাড়িগুলোর মধ্যে আরো বেশি দূরত্ব রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে তুষারকণা ছোট শিশুদেরকে আড়াল করে দিতে পারে। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।
- সকল সড়কে চলাচলকারী গাড়ি চালকদের জন্য এটি জেনে রাখা গুরুত্বপূর্ণ যে স্নো-প্লাউগুলো ঘণ্টায় 35 মাইল গতিবেগে চলাচল করে, যা বহু ক্ষেত্রেই পোস্ট করা গতিসীমার চেয়ে কম হয়ে থাকে।
- প্রায় ক্ষেত্রেই ইন্টারস্টেট হাইওয়েগুলোতে স্নো-প্লাউগুলো পাশাপাশি অপারেট করে, কারণ এতে একাধিক লেন একসাথে নিরাপদে পরিষ্কার করা যায়।
- গাড়ি চালক ও পথচারীদেরকেও খেয়াল রাখতে হবে যে স্নো-প্লাউ চালকদের দৃষ্টিগোচরতা সীমিত থাকে, এবং স্নো-প্লাউ এর আকার ও ওজন সেটিকে দ্রুত সরানো ও বন্ধ করা কঠিন করে তুলতে পারে। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর

চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে।

- গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়ি চালকদের জন্য গাড়ি চালানোর জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হলো স্নো-প্লাউ এর বেশ পিছনে যেখানে সড়কপথ পরিষ্কার রয়েছে ও লবণ ছিটানো হয়েছে। কখনো কোনো স্নোপ্লাউ চালু অবস্থায় এটির সামনে দিয়ে অতিক্রম করার চেষ্টা করবেন না।

বিদ্যুৎ বিভ্রাট

- এলাকাভিত্তিক মেরামতের সময়সূচি জানতে আপনার ইউটিলিটির কাছে যাচাই করুন।
- বিদ্যুৎ সংযোগ চলে গেলে, পরিষেবা ফিরে আসার সময় সার্কিট ওভারলোড হওয়া রোধ করতে লাইট ও অ্যাপ্লায়েন্সগুলো বন্ধ রাখুন বা প্লাগ খুলে রাখুন; কখন বিদ্যুৎ ফিরে আসছে তা জানার জন্য একটি বাতি জ্বালিয়ে রাখুন।
- যদি শীতকালীন ঝড়ের সময়ে হিটিং চলে যায়, তাহলে আপনার যেসব কক্ষ প্রয়োজন নেই সেগুলো বন্ধ করে দেওয়ার মাধ্যমে উষ্ণতা ধরে রাখুন।

কারেন্ট চলে গেলে রিপোর্ট করার জন্য যেখানে ফোন করবেন:

- সেন্ট্রাল হাডসন: 800-527-2714
- কন এডিসন: 800-752-6633
- ন্যাশনাল গ্রিড: 800-867-5222
- NYSEG: 800-572-1131
- O&R: 877-434-4100
- PSEG-LI: 800-490-0075
- RG&E: 800-743-1701

হিটিং সংক্রান্ত সতর্কতা

বিকল্প তাপের জন্য শুধু নিরাপদ উৎস যেমন ফায়ারপ্লেস, ছোট আকারের ভালো ভেন্টযুক্ত কাঠের বা কয়লার চুলা বা পোর্টেবল স্পেস হিটার ব্যবহার করুন।

ফায়ারপ্লেস, উডস্টোভ, ইত্যাদির মতো বিকল্প হিট সোর্স ব্যবহার করার সময় আপনার সঠিক ভেন্টিলেশন আছে কিনা তা সবসময় নিশ্চিত হয়ে নিবেন এবং ম্যানুফ্যাকচারারের ইন্সট্রাকশন ফলো করুন।
পর্দা, তোয়ালে এবং পটহোল্ডারগুলোকে উত্তপ্ত পৃষ্ঠতল থেকে দূরে রাখুন।

একটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং স্মোক ডিটেক্টর রাখুন এবং সেগুলো কাজ করছে তা নিশ্চিত করুন।

যদি আপনি আপনার হিটিং-এর নিয়মিত জ্বালানির সম্পূরক হিসেবে, অথবা জরুরি পরিস্থিতিতে তাপের উৎস হিসেবে কেরোসিন হিটার ব্যবহার করেন, তাহলে নিম্নলিখিত নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ অনুসরণ করুন:

- উৎপাদকের নির্দেশনা অনুসরণ কর।
- আপনার ইউনিটের জন্য শুধু সঠিক জ্বালানি ব্যবহার করুন।
- শুধু ঘরের বাইরে এবং শুধুমাত্র যখন ইউনিটটি ঠাণ্ডা থাকে তখন পুনরায় জ্বালানি ভর্তি করুন।
- হিটারকে আসবাবপত্র এবং অন্যান্য দাহ্য বস্তু থেকে কমপক্ষে তিন ফুট দূরে রাখুন।
- হিটার ব্যবহার করার সময়, আগুন থেকে সুরক্ষার পদক্ষেপসমূহ এবং ভেন্টিলেশন যথাযথভাবে ব্যবহার করুন।

শীতকালীন নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য https://www.dhses.ny.gov/winter-weather-safety-এ যান। নিউ ইয়র্ক স্টেটে ঝড়ের আগে, ঝড় চলাকালীন সময়ে অথবা ঝড়ের পরে অ-জরুরি পরিষেবার প্রয়োজনগুলো পূরণ করতে 211 নম্বরে কল করুন অথবা http://www.211nys.org/-এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন